

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৫৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - আযানের ফ্যীলত ও মুয়ায্যিনের উত্তর দান

بَابُ فَضْلِ الْأَذَانِ وَإِجَابَةِ الْمُؤَذِّنِ

আরবী

وَعَنْ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا قَالَ الْمُؤَذِّنُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ قَالَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ قَالَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ قَالَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهِ قَالَ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ثُمَّ قَالَ حَيْ إِلَّا اللَّهُ ثُمَّ قَالَ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ قَالَ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ثُمَّ قَالَ حَيْ عَلَى الْفَلَاحِ قَالَ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ ثُمَّ قَالَ حَيْ الْفَلَاحِ قَالَ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ ثُمَّ قَالَ حَيْ الْفَلَاحِ قَالَ لَا إِلَهُ إِلَّا اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ ثُمَّ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَكْبَرُ ثُمَّ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ مِنْ قَلْبِهِ دِخِلَ الْجَنَّةِ » . رَوَاهُ مُسلم

বাংলা

৬৫৮-[৫] 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুয়ায্যিন যখন ''আল্লা-ছ আকবার'' বলে তখন তোমাদের কেউ যদি (উত্তরে) অন্তর থেকে বলে, ''আল্লা-ছ আকবার'' ''আল্লা-ছ আকবার'', এরপর মুয়ায্যিন যখন বলেন, ''আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হ''। অতঃপর মুয়ায্যিন যখন বলে, ''আশহাদু আল্লা মুহাম্মাদার রসূলুল্ল-হ'', সেও বলে ''আশহাদু আলা মুহাম্মাদার রসূলুল্ল-হ'', তারপর মুয়ায্যিন যখন বলে, ''হাইয়াা 'আলাস্ সলা-হ'', সে তখন বলে, ''লা- হাওলা ওয়ালা- ক্যুওয়াতা ইল্লা- বিল্লা-হ''; পরে মুয়ায্যিন যখন বলে, ''আল্লা-ছ আকবার 'আল্লা-ছ আকবার'', সেও বলে, ''আল্লা-ছ আকবার, আল্লা-ছ আকবার'' এরপর মুয়ায্যিন যখন বলে, ''লা- ইলা-হা ইল্লাল্লা-হ', সেও বলে ''লা- ইলা-হা ইল্লাল্লা-হ', সেও জান্নাতে প্রবেশ করবে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৩৮৫, আবূ দাউদ ৫২৭, সহীহ আল জামি' ৭১৪।

ব্যাখ্যা



ব্যাখ্যা: এ হাদীসটি এ কথার উপর দলীল যে, মুয়াযযিন আযানের সময় দুই তাকবীর এক সাথে বলবে, আর এটা মুস্তাহাব বিধান। অর্থাৎ- আল্লা-হু আকবার, আল্লা-হু আকবার এতটুকু এক সাথে উচ্চারণ করবে।

কাষী 'ইয়ায (রহঃ) বলেন, আযানের মধ্যে আল্লাহর একত্ববাদের সাক্ষী দেয়া হয়, তার গুণগান গাওয়া হয় এবং আল্লাহর আনুগত্যের উপর আত্মসমর্পণ করা হয়। بَالله لَا تُوْتَ الله لَا يَالله لا حَوْلُ وَلَا قُوْةَ الله بِالله لا بَالله করা হয় যে, সমস্ত শক্তির অধিকারী একমাত্র আল্লাহ। আর যে ব্যক্তি এ বিষয়গুলো হাসিল করতে পারবে সে প্রকৃত ঈমান অর্জন করতে পারবে। আর তার মধ্যে ইসলাম পূর্ণতা লাভ করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন